সর্বজনকথা

আনু মুহাম্মদ সম্পাদিত রাজনীতি, অর্থনীতি, সমাজ বিশ্লেষণমূলক সংকলন

১০ম বর্ষ, ১ম সংখ্যা

# ২৪-এর গণআন্দোলনের গান

সংকলন ও ভূমিকা: বীথি ঘোষ




'গণঅভ্যুত্থান ২০২৪' বাংলাদেশের ইতিহাসে এক অভূতপূর্ব ঘটনা। প্রথমে কোটা সংস্কারের লক্ষ্যে শিক্ষার্থীদের আন্দোলনের হাত ধরে এর সূত্রপাত হলেও ক্রমাগত সর্বস্তরের গণমানুষের অংশগ্রহণের মধ্য দিয়ে তা গণআন্দোলনে রূপ নেয়। দীর্ঘ স্বৈরাচারি শাসন ব্যবস্থায় নানা অবদমনের স্ফুরণ ঘটেছে এ আন্দোলনে। যার প্রকাশ আমরা দেখতে পাই আন্দোলনের গতি প্রকৃতিতে। সময়ের হিসাবে আন্দোলন খুব অল্প সময়েই তুঙ্গে উঠে যায়। শাসক গোষ্ঠীর নিপীড়ন ক্রমেই মাত্রা ছাড়িয়ে যেতে থাকে যা বহুদিনের জিইয়ে থাকা জনরোষকে উস্কে দেয়। সর্বস্তরের মানুষ নিপীড়নের হাত থেকে মুক্তির লড়াইয়ে স্বতস্ফূর্তভাবে অংশ নেয়। এই আন্দোলনকে বেগবান করতে এবং আন্দোলনের অনুপ্রেরণায় সৃষ্টি হয় অনেক স্লোগান, গান, কবিতা, কার্টুন, চিত্রশিল্প, মূকাভিনয়, পথনাটক, গ্রাফিতি, দেয়াল চিত্র, পথচিত্র, পোস্টার প্রভৃতি।

আমরা জানি, আওয়ামী লীগ এর শাসনামলে গুম-খুন, হামলা-মামলার ব্যাপকতায় মানুষের বাক স্বাধীনতা ভীষণভাবে অবরুদ্ধ অবস্থায় ছিল। সেই সাথে ফেসবুক, ইউটিউব আইডি হ্যাক করা সরকারের জন্য কোনো বিষয়ই ছিল না। আমরা দেখেছি, আন্দোলন চলাকালীন ইন্টারনেট স্লোডাউন ছিল। গান করার জন্য র‍্যাপার হান্নানকে আটক করা হয়। মহররমের তাজিয়া মিছিলে প্রচলিত 'হায় হোসেন, হায় হোসেন' এর সুরের সাথে 'হায় সাঈদ হায় ইয়াসিন, হায় রাফি, হায় আদনান' যুক্ত করে মিছিল করেন শিল্পী অমল আকাশ। এই কারণে তার নামে গাড়ি পোড়ানোর মামলা দেয়া হয়। এ সমস্ত প্রতিকূলতাকে অতিক্রম করে আন্দোলনকে ভাষা দিতে শিল্পীরা স্বনামে, ছদ্মনামে প্রচুর গান প্রকাশ করেছেন।

আদিবাসীদের কথা উঠে এসেছে কোনো গানে। কখনো শুধু অনেকগুলো স্লোগান পরপর জুড়ে দিয়ে তাতে সুর সংযোজন করে গান হয়েছে। কোনো গানে গ্রামীণ কেচ্ছা কাহিনীর প্রচলিত সুরে শহীদদের আত্মত্যাগের কথা গীত হয়েছে। কোনো কোনো গান ইসলামী গজলের সুরে গাওয়া হয়েছে, শহীদদের আত্মার শান্তি চেয়ে সেই মৃত্যুকে মহিমান্বিত করে তা গীত হয়েছে। বার শহীদ মীর মুগ্ধ-এর 'পানি লাগবে পানি' এই শব্দবন্ধকে কেন্দ্র করে গান রচিত হয়েছে। কোনো কোনো গানে সিনেমার জনপ্রিয় গানের সুর ব্যবহার করা হয়েছে। আবার কোনো গান জারি গানের ঢঙ্গে করা হয়েছে। এছাড়াও প্রচলিত আধুনিক সুর, ন গানের সুরে গীত হয়েছে অনেক গান।

মি এই সংকলনে গণআন্দোলন চলাকালীন অর্থাৎ ১৫ জুলাই থেকে ০৫ আগস্ট পর্যন্ত সময়ে রচিত বা প্রকাশিত গানগুলোকেই বেছে নিয়েছি। যেইগানগুলো মূলত আন্দোলনের অনুপ্রেরণায় জাত। সংকলনের জন্য গান খুঁজতে গিয়ে আমি ই সময়ে প্রকাশিত বা লিখিত প্রায় শতাধিক গানের সন্ধান পেয়েছি। এর মধ্যে তিরিশের অধিক র‍্যাপ গান। আমরা জানি, '২৪ এর আন্দোলনের অনুষঙ্গ হিসেবে একটা বিশাল অংশ জুড়ে ছিল র‍্যাপ গান। বাংলা আন্দোলনের ইতিহাসে এক নতুন ক্তিশালী ধারার সংযোজন ঘটালো র‍্যাপ গান। এছাড়া আরো কিছু গান পেয়েছি যা AI (Artifical Intelligence) মাধ্যমে তেরি বলে মনে হয়েছে। এছাড়াও সন্ধান পেয়েছি এই আন্দোলনকে উৎসর্গ করে ভারতের শিল্পীর গান, পেয়েছি পাঞ্জাবী ও উর্দু ভাষার কবি হাবিব জালিব এর বিখ্যাত কবিতা 'দাস্তুর' এর অনুবাদে বাংলা গান। পেয়েছি ইংরেজি গান। এই সবগুলো গান একই সংখ্যায় একসাথে প্রকাশ করার ইচ্ছে থাকলেও স্থান সংকুলানের অভাবে তা সম্ভব হচ্ছে না। তাই ধারাবাহিক ভাবে গানগুলো প্রকাশের চেষ্টা থাকবে। সেইসাথে প্রতিসংখ্যায় গানগুলো রচনা বা প্রকাশের তারিখের ক্রমানুযায়ী সন্নিবেশিত থাকবে। [গানগুলোর সুর, বাণী বা তথ্যে কোনো ভুল থাকলে বা কোনো পরামর্শ থাকলে তা জানানোর অনুরোধ রইলো।]

গানের সংকলনটি শহীদ জুলফিকার আহমেদ শাকিলের প্রতি শ্রদ্ধা জানিয়ে তার লেখা দিয়েই শুরু করছি। লেখাটি এই আন্দোলনে শহীদ জুলফিকার আহমেদ শাকিল এর একটা ফেসবুক পোস্ট থেকে নেয়া। যা পরবর্তীতে সুরারোপ করেছেন জিহাদ। শাকিল নিজে গান করতেন, গিটার বাজাতেন। তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ (ইউডা)র চারুকলা বিভাগের শিক্ষার্থী ছিলেন। আমাদের পাঠশালার প্রাক্তন ছাত্র শাকিল ৪ আগস্ট, ২০২৪ আন্দোলনরত অবস্থায় ঢাকার মিরপুরে মাথায় গুলিবিদ্ধ হন। এরপর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ০৭ আগস্ট মৃত্যুবরণ করেন।

**শিরোনাম :** শেষ নিঃশ্বাস

কথা: জুলফিকার আহমেদ শাকিল, সুর: জিহাদ, গিটার: আনিক,

রচনা প্রকাশের তারিখ: ২৭ জুলাই, ২০২৪

মানচিত্র আজ মৃত্যু নগরী

তাজা প্রাণ মূল্যহীন—

আমি পেয়েছি স্বাধীনতা নামে,

লটের আঘাতে শেষ নিঃশ্বাস।

খার লিংক https://www.facebook.com/profile.php?id=61554785300271

**রোনাম : কথা ক (র‍্যাপ)**

তারিখ ১৬ জুলাই, ২০২৪

Produced By Shezan Beatz

ecording – Rakib Hassan

Mixed and Mastered By SnareByt

Artwork – Arham Habib

বাআন্নরথে ২৪ এ তফাত কই রে? কথা ক

দ্যাশটা বলে স্বাধীন তাইলে খ্যাচ টা কই রে? কথা ক

আমার ভাই বইন মরে রাস্তায় তর চেষ্টা কইরে? কথা ক

কালসাপ ধরসে গলা পেঁচায়, বাইর কর সাপের মাথা কো?

বাআন্নরথে ২৪ এ তফাত কই রে? কথা ক

দ্যাশটা বলে স্বাধীন তাইলে খ্যাচটা কই রে? কথা ক

আমার ভাই বইন মরে রাস্তায় তর চেষ্টা কইরে? কথা ক

কালসাপ ধরসে গলা পেঁচায়, বাইর কর সাপের মাথা কো?

জোর যার মুল্লুক তার! আগে ক মুল্লুক কার?

কাইল মারলি, পরশু মারলি, মারতে আইলি আজ আবার!

রাজায় যহন প্রজার জান লয় জিগা তাইলে রাজা কার?

মার মানচিত্র কান্দে আইজকা দেইক্ষা দ্যাশের হাল রে

ল সবুজের পতাকা মা পুরাডাই দেহি লাল রে

.লায়ার হইয়া কাটে যাগো হওয়ার কথা ঢাল রে

পাপের জিহ্বায় সইতারে না উচিত কথার ঝাল রে

এইত্তর দালালের মায়রে, মাইরা দ্যাশের বাইরে

লর ভাইয়ের শেল্টার লইয়া মারোস নিজের ভাইরে

যহন দ্যাশ বেইচ্চা ক্যাশ করোস দ্যাশপ্রেম যায় কই তর?

মাইরা যাগোর মাথা ফাডাস মারতি হইলে বইন তর?

মাইয়া পোলা ফ্রন্টলাইনে, অনলাইনেও সিন ডা

টোকাই ঘুরে চাক্কু হাতে, ঠোল্লা চুরি পিন্দা

মারতে আইলে মাইরা দিবি, মুর্দা নাইলে জিন্দা

রাইত দেইখা ডরাইস না কেউ রাইতের পরেই দিনডা

বাআন্নরথে ২৪ এ তফাত কই রে? কথা ক

দ্যাশটা বলে স্বাধীন তাইলে খ্যাচটা কই রে? কথা ক

আমার ভাই বইন মরে রাস্তায় তর চেষ্টা কইরে? কথা ক

কালসাপ ধরসে গলা পেঁচায়, বাইর কর সাপের মাথা কো?

বাআন্নরথে ২৪ এ তফাত কই রে? কথা ক

আমার ভাই বইন মরে রাস্তায় তর চেষ্টা কইরে? কথা ক

কালসাপ ধরসে গলা পেঁচায়, বাইর কর সাপের মাথা কো?

জের ভাইয়ের গোস খাস বিবেকের তলপ্যাডে পোঁচ মাইরা,

ওয়াজ তুলে যারা অগো টিটকারি দেস পোস্ট মাইরা

ত্র দিসে ভাষা আইন্না, দ্যাশ বানাইসে ছাত্ররা

যেই হাতে কলম খাতা ওই হাতে দেস হাতকড়া

মু্ক্তির লেইগা যুদ্ধ কইরা মুক্তিডাই তর মিললো কই?

ষার লেইগা লইড়া যদি বোবা হইয়াই পইড়া রই!

এই বেডা তর যুক্তি কই, মিঠা মিঠা যত উক্তি কই

দ্যাশের মেরুদণ্ড ভাঙতে যাইয়া

নিজের নিজে কবর খুড়বি অই

দেশ গড়ার সবক দিয়া কামের সময় সইরা যাস!

কার রক্তে পাড়া দিয়া বিজয় মিছিল কইরা যাস?

মায়ের বুক খালি কইরা রঙ্গের মহল গইড়া যাস?

যা, বাইচ্চা থাক খালি জানি ভিত্রেরতে মইরা যাস

জবান খুললেই জবান সিলাই, আর সিলাইবো কয়জনের

একজনে মা পইড়া গেলেও খাড়ায় যাইবো ছয় জনে

জন্ম লইসি মরতে মরার ডর দেহাইস না আমাগো

এক সেজানে মরলেও লাখো সেজান কইবো কথা ক

দ্যাশটা বলে স্বাধীন তাইলে খ্যাচটা কই রে? কথা ক

আমার ভাই বইন মরে রাস্তায় তর চেষ্টা কইরে? কথা ক

লসাপ ধরসে গলা পেঁচায়, বাইর কর সাপের মাথা কো?

আন্নরথে ২৪ এ তফাত কই রে? কথা ক

শটা বলে স্বাধীন তাইলে খ্যাচটা কই রে? কথা ক

আমার ভাই বইন মরে রাস্তায় তর চেষ্টা কইরে? কথা ক

কালসাপ ধরসে গলা পেঁচায়, বাইর কর সাপের মাথা কো?

থা ক

**লিংক** https://www.youtube.com/watch?v=7jGOYAuTHgo

**শিরোনাম:** হায় সাঈদ

কথা: দিদার মাসতুয়াল, সুর ও গান: জিহাদ

লেখার তারিখ-১৬ জুলাই, ২০২৪,

প্রকাশের তারিখ- ১৭ জুলাই, ২০২৪

হায় সাঈদ, হায় সাঈদ
কে মারিলো তোমারে
কারবালার ওই রক্ত দেখ
বাংলারই বুকে।।
হায় সাঈদ, হায় সাঈদ
কে মারিলো তোমারে।
তোমার বুকের রক্ত
ওই স্বৈরাচারীর হাতে

হায় আদনান, হায় আকরাম

হায় শান্ত, হায় শান্ত

শাজাহান

গানের লিংকঃ https://www.facebook.com/100006610320030/videos/495004956311040/

**রোনাম: রাজাকার**

ইউটিউবে প্রকাশকাল- ১৬ জুলাই, ২০২৪।

ইউটিউবে গানটি Crack Head Creation থেকে চ্যানেল থেকে প্রকাশিত হয়। মূলত আন্দোলন ঘিরে যেইসব স্লোগান খন চলমান ছিল সেইসব স্লোগান গুলোই গানের বাণীতে দেখতে পাই। আমি ধারনা করছি গানটির সুর ও কণ্ঠ AI Generated।

চাইতে গেলে অধিকার হতে হয় রাজাকার

মুক্তিযুদ্ধের চেতনা রাষ্ট্র কারো বাপের না।

আমি যদি হই রাজাকার তিনি কে ডাকে স্বৈরাচার স্বৈরাচার

সারা বাংলায় খবর দে কোটা প্রথায় কবর দে।

চেয়েছিলাম অধিকার হয়ে গেলাম রাজাকার।

লাখো শহীদের রক্তে কেনা দেশটা কারো বাপের না।

চেয়েছিলাম অধিকার হয়ে গেলাম রাজাকার।।

পিতার নামে কন্যা খাচ্ছে, কন্যার নামে নাতি।

নাতির নামে পুতি খাবে উপোস থাকবে জাতি।

বাবার পেশা ছেলে পাবে ছেলের পরে নাতি

সারা বাংলায় খবর দে, কোটা প্রথায় কবর দে।

কোটা প্রথা নিপাত যাক, মেধাবীরা মুক্তি পাক।

খো শহীদের রক্তে কেনা দেশটা কারো বাপের না।

মি কে আমি কে রাজাকার রাজাকার

য়েছিলাম অধিকার হয়ে গেলাম রাজাকার।

ছাত্ররা কোটায় শিক্ষকরা পেনশনে অভিভাবকরা টেনশনে

।শক্ষার পদ্ধতি গোরস্থানে আর দুর্নীতি শীর্ষস্থানে।

থে থাকলে সঙ্গীরে ভাই বিরুদ্ধে গেলে জঙ্গি।

যদি চাও তুমি অধিকার বানিয়ে দিব রাজাকার

আমি যদি রাজাকার তুমি তবে স্বৈরাচার

মুক্তিযুদ্ধের চেতনা রাষ্ট্র কারো বাপের না।

চেতনার ব্যবসায়ীরা হুঁশিয়ার সাবধান।

সারা বাংলায় খবর দে, কোটা প্রথায় কবর দে।

**লিংক** https://www.youtube.com/watch?v=dnRqkHWc4Zc

**শিরোনাম: পাল্টে দে ইতিহাস**

তারিখ: ১৭ জুলাই, ২০২৪। ইউটিউবে Crack Head Creation চ্যানেল থেকে সাজ্জাদ জুয়েল প্রকাশিত।

পাল্টে দে ইতিহাস

যারা আগুন স্বৈরাচার বুকে

জেগে উঠ আজ তীব্র শোকে।

তুই মনে রাখ তুই নরকে

ড়ি ছিঁড়েছিস তাই আজ সড়কে

ধিকার দিবি না মানে

ড়ে নিব সব যা আছে

ফ্যাসীবাদে তোর শেষ

তুই সিনা টান করে থাক

ত্যুর সাথে মেতেছে যারা

তুই খবরে সন্ত্রাসীর হৃৎপিণ্ড

কেউ না থাক তোর পাশে

লাথি দিয়ে ভেঙে ফেল স্বৈরাচারীর মেরুদণ্ড

পাল্টে দে সব ইতিহাস।

তুই কাঁধে তোর ভাইয়ের লাশ

পাল্টে দে সব ইতিহাস।

তুই পারবি তোরা পারবি

যে অধিকার তুই পেতে চাস।

কত বড় কলিজা তোর বোনের গায়ে তুলেছে হাত।

ছিঁড়ে নেব তোর মাংস পিন্ড

চেয়ে দেখ তোর মায়ে কি চায়

বইবে রক্তের বন্যা কী জবাব দিবি তুই যদি হয় তোর মেয়ে কন্যা?

পাল্টে দে তোর ইতিহাস

রা আগুন স্বৈরাচার বুকে

ার ভাইয়ের রক্তের দাবী

গে উঠ আজ তীব্র শোকে।

পিঠ ঠেকেছে তোর দেয়ালে

স্বাধীনতা ফিরিয়ে আনতে হবে।

কুক যত বাধা রাখ তুই খেয়ালে।

পাল্টে দে সব ইতিহাস

বুকে নিয়ে তোর ভাইয়ের লাশ

শকুন রাজার বুকে মার লাথি তুই

কেড়ে আন তোর অধিকার আর যা চাস।

শুধু কোটা নয় গোটা দেশটাই সংস্কারের প্রয়োজন

পাল্টে দে ইতিহাস।

পাল্টে দে সব ইতিহাস।

**লিংক** https://www.youtube.com/watch?v=RTv6-xwsRcM

**শিরোনাম : দেশ সংস্কার (র‍্যাপ)**

তারিখ ১৭ জুলাই, ২০২৪

Produced : ANVYL, Artwork : TASFIN RAYEED

‘Intro শেখ মুজিবুর রহমান- ‘যাও ভিক্ষা কইরা আনি তাও চাটার গুষ্টি চাইটে খায়া ফালায় দেয়, আমার গরীব পায় না। এতো ারের চোর, চোর কোত্থেকে যে পয়দা হয়েছে তা আমি জানি না। পাকিস্তানিরা সব নিয়ে গেছে কিন্তু এই চোরটুক থুইয়ে গেছে ..মার কাছে। এই চোর মিয়ে গেলে আমি বাঁচতাম।‘

*erse 1*

মন এক কাল থেকে ভুল শিখাইলো

্যাক্তা প্রশ্ন বেইচা লাখে কামাইলো।

আবেদ আলি ড্রাইভার, হাতে বানায় বিসিএস কেডার

দেশে ঘরে ঘরে বিপ্লব আনাইলো।

এই দেশের প্রধান শিল্প চুরি

প্রধান শিক্ষা রাজনীতি

প্রধান ব্যবসা ধর্ম আর খুনি।

যে রাজা প্রজার খবর লয় না ঐ রাজা কার?

ওয়ই আসল রাজাকার

তুমি আমি প্রজা যার।

প্রজা তান্ত্রিক ওঝা ঠাকুর ভন্ড মাশায়েখ পির,

মাটির মানুষ মাটি খায় যার দেয়ালে ঠেকে পিঠ।

মাথা পিছু ৩ লাখ ঋণ।

দিন রাত কি?

খালি পেটে কাটে কত রাত্রি।

≡

(আমাদের এই স্লোগান পারবে না তুমি থামাতে

লাশের পাহাড়ে লুকিয়ে কতোদিন আর বাঁচবে?)

*ERSE 2*

ন্দোলন সাত চল্লিশ, বায়ান্নো, দুই চার

নে বিপ্লব প্রতিবার, বিদ্রোহি প্রতিবাদ

আন্দোলন এমন না যে চাইতাসে কর্মসংস্থান,

মাসিক ছাত্র ভাতা, মান সম্মান।

া কইসে 'রাষ্ট ভাষা বাংলা চাই, পূর্ব পশ্চিম ভাগ চাই

নিরাপদ সড়ক চাই, কোটার সংস্কার চাই'।

ছাত্র যদি ভয় পাইতো বন্দুকের গুলি

উর্দু থাকতো রাষ্ট্র ভাষা, উর্দু থাকতো বুলি।।

দেশে স্বৈরাচার রাজ করে,

চোর রাজ ভোগ করে

গুলি খায়া পাখির চেয়ে ছাত্র বেশি মরে।

পরিশ্রমের আর যোগ্যতার মানে বুঝবো কেমনে

অয়তো তো নিজেই টিকা আছে নিজের বাপের নামের উপরে।

বর্ডারে প্রতিবেশির গুলিতে মরে গ্রামবাসী,

মনে হয় ঘর আমার কিন্তু ঘরের মালিক প্রতিবেশী

মরনের ডর দেহাইবি তোরা?

‘গুলি কর খানকির পোলা’।।

এই বাংলাদেশ আমার

সামও আমার,

শ্চমবঙ্গ আমার, ত্রিপুরাও আমার

ই ছাত্র সমাজ আমার

স্বাধীনতা আমার

এই দেশের মাটি আমার

শের মানুষ সব আমার

উপজাতি আমার

চাকমারা আমার

বারমারা আমার

মারমারা আমার

আজব এক গল্প, কল্পনা চাকমার

শহীদ আবরার ফাহাদ

এস কে সিনহার

সাগর রুমির

*Chorus (Scary CROW)*

(আমাদের এই স্লোগান পারবে না তুমি থামাতে

লাশের পাহাড়ে লুকিয়ে কতোদিন আর বাঁচবে?)

**শিরোনাম :** করবি কতো দালালি**? (র‍্যাপ)**

খা : নির্মিতা নূর

রিখ : ১৭ জুলাই, ২০২৪

াশের বুকে পাড়াইয়া আর করবি কতো দালালি?

দিনে রাইতে পা চাইট্টা কি কি বাল আর ফালালি?

এহন তগো বুঝ না হইলে

ানোদিনও হইবো না

তগো এতো চাডাচাডি দ্যাশবাসী আর সইবো না

ভাইয়ে মরে, বন্ধু মরে, মরে জনগণ

গদি খানা লইড়া গেলে কি করবি তখন?

সবাই জ্বলে ফুঁসতে ফুঁসতে

তোরা বিজি আঙ্গুল চুষতে!

বীরের রক্ত যাইবো বৃথা?

চাইয়া দেখ মোর দাঁড়া সিধা!

টুঁটি চাইপা ধরমু রে তোর

সব্বাই জানে তুই বড় চোর।

আমিই সাইদ, আমিই ফারুক

আমারেই কস "বাংলা ছাড়ুক"!

আমরা ছাড়া কেও না দামী

আসিফ, ওয়াসিম, আদনান, ফয়সাল

ার মুখ অগো রক্ত তে লাল

কবো মনে লাশের মিছিল,

জয় আনমু হাইসা খিল খিল!

বাপ মা, ভাই বোন সব্বাই মিল্লা

নামমু যখন কাঁপবো পিলা।

াবো টা কে? গুণবো কে রে?

আর্মি পুলিশ সন্ত্রাসীরে?

ছাত্র আগুন জ্বলতাসে দেখ!

হাইসা যামু শ্যাষ হাসি লেখ!

এই আগুনই ছড়ায় যাইবো নগর থেক্কা নগরে

দেখা দিও বন্ধু স্বজন রাজপথ কিংবা কবরে।

এমনও ঘোর অমানিশায় দ্যাশটা ছাইড়া যামু কই?

আমরা পুরা ছাত্র সমাজ জনতার দিকে চাইয়া রই।।

**শিরোনাম :** স্লোগান **(র‍্যাপ)**

তারিখ ১৭ জুলাই, ২০২৪

শিল্পী : Mcc-e Mac Ft Gk Kibria

সংগীত : DIMSHO HARD

অনেক হয়েছে আমার ভাইয়ের সিনাটান রাজপথের মাঝখানে

রাজপথ দখল কর আমার ভাইয়ের বিচার চাই

শটাকে সবাই মিলে রক্ষা কর।

মবে না যত ঝড় হোক না কেনো।

ıis is called student power

আমার অধিকার আমাকে দে

এই রাস্তা ভিজেছে কেনো রক্ততে?

াপ

এইটা বাংলাদেশ, রক্ত ঝরুক ঝরতে দে

এইটা বাংলাদেশ, আমার ভাইয়ের রক্ততে

এইটা বাংলাদেশ, ৫২ থেকে ২৪ এই

এইটা বাংলাদেশ, ভয়ে ভুলে জয় করবে যে

We want justice

পাই স্বাধীনতার এ কি শাস্তি

আমার বোনের শরিলে রক্ত

আমার ভায়ের লাশটা স্বাক্ষী

যদি যুদ্ধে না পাই মুক্তি

আরো হাজারবার আমি লড়বো

ভেদাভেদহীন দেশ গড়বো

আমার শিক্ষা খাতা-কলমে

মেরুদণ্ড ভাঙ্গলি জখমে

ধিকার দিলে ফিরিয়ে

ধাবীগুলো যেতোনা হারিয়ে

মনটা যদি শিক্ষা হয়

দেশ কি তাহলে করবে ভয়?

কোটা বিরোধী আন্দোলনে

ত শেষে দিন করবো জয়

*ব্রিজ*

তোরা ফিরিয়ে দে – আমাদের অধিকার -২

আর কত রক্ত ঝরবে রাজপথে -২

হে লড়াই চলবে লড়াই

গুলি মার বুকে তবু আমি না ডরাই

কর ক্ষমতার বড়াই

কুলাঙ্গার রাস্তায় নেমে গেলে

হোক লড়াই হে লড়াই

কোটি ছাত্রের লড়াই

আন্দোলন আজ চলছেই চলবে

রাজপথে আয় তোরা দলে দলে

লিংক https://www.youtube.com/watch?v=Lv_mzuLKNQ0

**রোনাম : আওয়াজ উডা (র‍্যাপ)**

রিখ ১৮ জুলাই, ২০২৪

ritten and Performed By HANNAN

Produced By SnareByt

Mixed and Mastered By SnareByt

twork – SnareByt

*[Intro: Sheikh Mujibur Rahman]*
'…এবং তোমাদের যা কিছু আছে তাই নিয়ে প্রস্তুত থাকো
মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো
এদেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইন শা আল্লাহ।'

*[Chorus: HANNAN]*
আওয়াজ উডা বাংলাদেশ, আওয়াজ উডা বাংলাদেশ
রাস্তায় এত রক্ত কাগো? আওয়াজ উডা বাংলাদেশ
আওয়াজ উডা বাংলাদেশ, আওয়াজ উডা বাংলাদেশ
রাস্তায় গুল্লি করলো কেডা? আওয়াজ উডা বাংলাদেশ
আওয়াজ উডা বাংলাদেশ, আওয়াজ উডা বাংলাদেশ
রাস্তায় এত রক্ত কাগো? আওয়াজ উডা বাংলাদেশ
আওয়াজ উডা বাংলাদেশ, আওয়াজ উডা বাংলাদেশ
রাস্তায় গুল্লি করলো কেডা? আওয়াজ উডা বাংলাদেশ

*[Verse: HANNAN]*
আমরা বলে রাজাকার কয় দি দেশের রাজাকার
ছাত্র আওয়াজ না উডাইলে দেশের ভিত্তে হাহাকার
গদিত বইসে স্বৈরাচার কত কিছু সইয়া আর

সিলেট যহন ডুইব্বা গেসে পানি আইসে কই থেকা?
আবু সাঈদরে গুল্লি করলি order পাইলি কই থেকা?
এবার রাস্তায় লাখো সাঈদ কইলজা থাকলে ঠেকাগা!
মার বইন যে মাইরা দিলি তর ঘরেরটা মারতি তুই?
তর না দেইক্ষা মাইরা দিলি নিজের ওইলে পারতি তুই?
কর কেউ খাইয়া লাইলে এমনে কি আর ছাড়তি তুই?
একটা মারবি দশটা পাডাম আর কয়ডারে মারবি তুই?
ইদ হইলো আবু সাইদ এরপর গেলো আসিফও
রাফি গেলো তারও পরে গেলো ওয়াসিম আদনানও
ানার বাংলা রয়া যাইবো সোনার ছেলে বাদ্দা গো
কাপুরুষ এর পরিচয় তগো কইলজা রাখসি মাপ দা গো
ত্র ছাড়া লীগ হয় নাই তর লীগের কামডা ঠিক হয় নাই
স্বাধীন বাংলা কইসে খালি বাংলা আর স্বাধীন হয় নাই
দেশটা যে কারো বাপের একা ওর বাপে কয়া যায় নাই
হের বাপে যা কইরা গেসে ওর ভিত্তে এডি রয়া নাই
বুকে কালকে medal ঝুলবো ওই বুকে আজকে গুল্লি ক্যা?
কথা হইলো মুর্দার দেশে ন্যায় এর আওয়াজ তুলবি ক্যা?
৫২'র টা ভুলতারি নাই ২৪-এর টা ভুলবি ক্যা?
শিক্ষার মাজা ভাঙবি তাইলে স্কুল-কলেজ খুললি ক্যা?
বাংগালি ত বোকা ভাই আমরা পায়ে পায়ে ধোঁকা খাই
এত বছর চুইস্যা খাইসোস পরের পাঁচেও তরে চাই
ঘরের সন্তান যে ঘরে নাই এই চিন্তা আপায় করে নাই
কত ঝড় যে আইলো গেলো চেয়ার আপার লড়ে নাই
না কোনো লীগের আমরা না আইসি কোনো দলেরতে
নামসি রাস্তায় কাফন মাথায় টাইন্না আনুম তলেরতে
সাঈদ আমি গুল্লি লমু হাসি মুখে নলেরতে
Student গো আওয়াজ দাবা command আইসে দলেরতে

*[Chorus: HANNAN]*

আওয়াজ উডা বাংলাদেশ, আওয়াজ উডা বাংলাদেশ
রাস্তায় এত রক্ত কাগো? আওয়াজ উডা বাংলাদেশ
আওয়াজ উডা বাংলাদেশ, আওয়াজ উডা বাংলাদেশ

রাস্তায় এত রক্ত কাগো? আওয়াজ উডা বাংলাদেশ

আওয়াজ উডা বাংলাদেশ, আওয়াজ উডা বাংলাদেশ

রাস্তায় গুল্লি করলো কেডা? আওয়াজ উডা

*[Outro: ]*

য় বাংলা, জয় বাংলা

স্বাধীন করো, স্বাধীন করো

ংলাদেশ স্বাধীন করো

বার বাঙালি অস্ত্র ধরো, বাংলাদেশ স্বাধীন করো’

ংক https://www.youtube.com/watch?v=9-5lmiAT66k

**শিরোনাম :** দাম দে **(র‍্যাপ)**

তারিখ ১৮ জুলাই, ২০২৪

PROD BY NAFBOOM

RECORD/MIX/MASTER BY HALL OF CRITICS

DIRECTED BY TASRIF FARAVI/RTF

ARTWORK BY RAPTOR BHAI

Crown ENGINE ইউটিউব চ্যানেল থেকে প্রকাশিত।

আমার রক্তের দাম দে, আমার স্বপ্নের দাম দে

ইতিহাস বদলায় ইতিহাস

তোর আর আমার রক্তের গন্ধে

সমাজটা কবজায় অন্ধে

মানচিত্র কারা পোড়ায় আর কারা আকাশে তুলে গর্বে।।

বাতাসে লাশের গন্ধ কার হাতে বন্দুক কে গুলি চালায়

ালায় গেসে তাপমাত্রা, হাতে রামদা নিরীহর খুলি ফালায়

ঃ হুনসি ২৪ দেখসি, শহীদরা কেমনে জন্মায়

রূদ ভরা গ্রেনেড সামনে আয়া পড়ে শরীল ঝলসায়

একদল ওগো বিবেগ হারায়, বুদ্ধি লইয়া ফয়েল এ গালায়

দেশপ্রেম সবাই মারায় রফিক, জব্বার মরলে সাইদ, রাফি খাড়ায়

া হিসাব আসে খাতায়, কার হাত রাখসোস মাথায়

মা বইনের ইজ্জত কইরা তোর অভিভাবক কেমনে সংসার পাতায়।

মাইক ধরসি মানে সাংঘাতিক, হিজলা এহানে সব সাংবাদিক

কি লাভ হইবো Journalism এর Justice লইয়া তোরা জানাজা দিস

কাটা পর্ব জিব্বা কথা কইলে এডাই আমগো Freedom of speech

Fuck the system, fuck the rulers, fuck the pedos, fuck the লী*

আমার ভাইয়ের রক্তের দাম দে, আমার বইনের রক্তের দাম দে,

আমার সোনার স্বাধীন বাংলা আমার ভাইয়ের লাশ আমার কাঁধে

৮ বীর শ্রেষ্ঠ্যের নাম নে, পতাকা কপালে বান দে

পোশাক পড়া দানব থেইকা সাবধান ওগো রাখসে-ই মানুষ মারতে।

আমার রক্তের দাম দে, আমার স্বপ্নের দাম দে

ইতিহাস বদলায় ইতিহাস

সমাজটা কবজায় অন্ধে

দোয়া কর তোগো কৃতকর্মের

নচিত্র কারা পোড়ায় আর কারা আকাশে তুলে গর্বে।।

…

ারো না আমারো না প্রশ্ন তাইলে এ দেশ কার?

মানচিত্র ভাইঙ্গা চুইড়া, জনগণরে লাগা এক সার

প্রাতিবাদ হোক খোলা হিসাব, মাথা ফাইটা আমার বইনের আজ

ত বড় মাদার তোরা মা বইনের গায়ে লাঠি চালাস

মুক্তিযোদ্ধা যুদ্ধ করসে মাগনা কোটা পাওয়ার লাভে না

পঙ্গু হইবো জাতি, ওগোর ব্রেন আর এহন কোনো কামের না

পাবলিক এহন ধান্দা বুঝে, নীতি কথা আর চাইপেন না

কোকিল কইয়া কাক ধরানো, দেশটা কারো বাপের না

শিক্ষাই জাতির মেরুদন্ড, ভাষাই আমার মূল অস্ত্র

১৬ জুলাই আকাশ এর রং টকটকে লাল রক্ত

Salute ওই বাপরে যে রাস্তায় নাইমা দিসে সৎ সাহস

পতন হইবো আশুরায় যেমন হইসে Firaun ধ্বংস।

আমার রক্তের দাম দে, আমার স্বপ্নের দাম দে

ইতিহাস বদলায় ইতিহাস

তোর আর আমার রক্তের গন্ধে

দোয়া কর তোগো কৃতকর্মের

মানচিত্র কারা পোড়ায় আর কারা আকাশে তুলে গর্বে।।

ংক https://www.youtube.com/watch?v=8vE32fhSWjs

**রোনাম : বাংলা মা (র‌্যাপ)**

তারিখ ১৮ জুলাই, ২০২৪

Written And Performed by CHEF-IQ

oduced by BIHAN

Mixed and Mastered by BIHAN

Artwork: Sayeda Santa

[প্রথমে ও শেষে ব্যাকগ্রাউন্ডে স্লোগান-

‘চেয়েছিলাম অধিকার হয়ে গেলাম রাজাকার’]

বাংলা মা মরে নাই রাজপথ ছাড়িস না

প্রজারাই বানাইসে রাজা অগো হক মারিস না।

নিজের গদি বাঁচাইতে অন্যের পায়া নাড়িস না

কালির হাতে গুলি দিয়া নিজের কাল আনিস না।।

দুই পায়ে গেলো ফিরলো চাইর কান্ধে কেমনে

সহপাঠীর পিঠে তুই লাঠি ভাঙ্গাস কেমনে।

খালি মায়ের কোল তর কোল খালি হইবো এমনে

দাবি করতে গেলে রাস্তা বন্ধ করতে হইবো ক্যা?

রক্ত দিয়া সবুজ করলো আবার লাল হইলো ক্যা?

:নের গায়ে হাত কোন ভাইয়ে সইবো ক?

সপিটালে ঢুইকা পিটায় পুলিশ খাড়ায় রইলো ক্যা?

লোর দেখা পাইবো কই হেলমেট পইরা থাকে এডি

আগামী ভবিষ্যতের খাইসে মাথা কালো রাতে

যেমনে ছাত্র মারসে এডি

না দিয়া যেমনে পাক করতে গেসে ভাগ

অমনি মানচিত্র কাটসে এডি।

স্বৈরাচার সব সাইড হ

ছাত্র লাগবো ফুটবল না লীগ এর থে বাইর হ।

সিট বাঁচায় না পিঠ তর নোংরামির থে বাইর হ

মতৃ লালের জবাব চাই

দামাল যা হাতে পাবি লগে লইয়া বাইর হ।

বাংলা মা মরে নাই রাজপথ ছাড়িস না

প্রজারাই বানাইসে রাজা অগো হক মারিস না।

নিজের গদি বাঁচাইতে অন্যের পায়া নাড়িস না

কালির হাতে গুলি দিয়া নিজের কাল আনিস না।।

মেট্রিক পাস কইরা দেশের বাইরে যাবার প্লান ক্যান?

দালাল রাখসে আটকায়া কবে ছাড়বো জ্যাম ট্যাম

সময় জং খুলার ভায়া একলগে তেল দেন।

মন দেশ লাগবো না যেইখানে

থা কইত গেলেই হাতকড়া লইবো কাটগড়ায়

ইলে ধরবো ছুরি কাঠ গলায়।

আমার মা ধরায় বায়ান্ন একাত্তর চেতনায় চব্বিশে সবায়।

।কসের এতো বড়াই প্রটোকল ছাড়া বাইর হ দেখবি রাস্তায় কান্দে সবাই

ক্কা খায় চাক্কার লগে জীবন যুদ্ধে লড়াই।

এই সোনার বাংলাদেশে এ সোনার পোলাগো রক্ত ঝরে হক করতে আদায়।

গড়তে পারে নাই তাই মেরামত করতে হইবো

রাস্তা বন্ধ এহন কারণ সারা জীবন চলতে হইবো।

হাতের জবাব হাতে একলগে লইয়া কইতে হইবো

একটা সাঈদ চুপ হাজারটা একলগে কইবো

বাংলা মা মরে নাই রাজপথ ছাড়িস না

প্রজারাই বানাইসে রাজা অগো হক মারিস না।

নিজের গদি বাঁচাইতে অন্যের পায়া নাড়িস না

কালির হাতে গুলি দিয়া নিজের কাল আনিস না।।

**লিংক** https://www.youtube.com/watch?v=iX9MksMGVEI

≡

তারিখ ১৮ জুলাই, ২০২৪

Restive চ্যানেল থেকে প্রকাশিত।

*erse*

সান হইয়া লাভ কি যদি না থাকে ইনসাফ

শরাফুল মাখলুকাত খোদায় কইরা দেক মাফ

চোক্ষের সামনে আমার মায়ের ছেঁড়া জামা

রাখে সাক্ষী মাটিতে আমি বহুদিনের নির্বাক।

ন দেখি আমি পরিবর্তনের

কিন্তু সিস্টেমে ভাসে লাশ বন্দি জনতা

যদি নাই থাকে রাজ্যে মানবতা

তাইলে রাজার সাথে কিসের আর সমঝোতা।

মরি আমি বাইচা থাইকা প্রতিদিন

যেন জিন্দা অসুর আমারে খায় প্রতিদিন

সমাজে সাপ নাচে নিজের খেয়াল খুশি মতো

সুযোগ পাইলেই দেয় ছোবল রাজা বাজাইলে বিন

এক শিক্ষক ডাইকা করলো জিজ্ঞাসা

আমি জীবনে কী হইতে চাই

কইলাম হাইসা জীবনে কি হমু তার তো কোনো ঠিক নাই

কিন্তু মরণে আমি শহীদ হইতে চাই।

আসমানে লাল মেঘ ভাসতে থাক

আমার এই জীবনে মরণ আসতে থাক

াগান ধরি আমি কণ্ঠস্বর ভাঙ্গতে থাক

মার ছাতিতে গুলির দাগ গুনতে থাক।।

াবু সাঈদের বোনের শোক-বিলাপ]

*Verse*

তোগো চোখ কই? চোখ থাকলে হুস কই?

ক্তাক্ত রাজপথ আইন আছে বিচার কই?

হাত ভরা রক্তে পরাধীন অঙ্গে

কোন মাদারচোদ গুলি মারে আমারে আমারই বঙ্গে।

নূর হোসেন ঘরে ঘরে কংক্রিটের নগরে

জানের মায়া ভুইলা গিয়ে মৃত্যু আপনায় পাঁজরে

শকুন যেমনে আমার ভাইয়ের মৃতদেহ গিলা খায়

স্বাধীনতার গন্ধ আমারেও গিলা খায়।

আর কতো জুলুম সইবো ছাত্রসমাজ

আর কতো গুলি খাইবো ছাত্রসমাজ

আর কতো লাশ হইবো ছাত্রসমাজ

প্রকৃত ছাত্র হওয়াই দেশে প্রকৃত পাপ।

বহু শত রাজাকার মুক্তিযোদ্ধার চাদরে

লাঞ্ছিত হয় মেধা যুগের পর যুগ

বঞ্চিত জনতার পেটে ভুগ আর ভুগ।

ঃখাত কর বীজ দেশবিরোধীর

শপ্রেমের মুখোশ পরা জারজ বধির

ইরা গেলে মইরা যামু থাকমু না স্থীর

ভাইয়ের লাশ কান্ধে আমি বীর আমি বীর!

'মেধা না কোটা, মেধা মেধা'।।

ংক https://www.youtube.com/watch?v=cAdWDCAcnvA

**শিরোনাম :** আর কতো**? (র‍্যাপ)**

তারিখ ১৮ জুলাই, ২০২৪

রচনা ও পারফর্ম Rain Khalil

এটাই যদি বাংলাদেশ, আমি জিগাই আর কত?

উত্তর তোগো জানা নাই, প্রশ্ন করুম আর কত?

এটাই যদি বাংলাদেশ, আমি জিগাই আর কত?

তোগো অস্ত্রে ধার নাই, আমগো মুখে ধার যত।।

কীসের আবার লীগ বেটা, তুই হইলি রাজাকার

প্রজার বুকে গুলি করস, তুই আবার রাজা কার?!

সরকার এখন দেশ চালায় না, সরকার এখন স্বৈরাচার।

৫২-তে শহীদ হইসে, আমরা দেখসি ২৪-এ

। যদি মনে রাখি, কেমনে ভুলুম ১৬ রে!

শে শুধু লোক মরে নাই, মরসে দেশের মেধা রে

ই কইরা পড়সে ভাই, ক্যান মারল আমার সাঈদরে!

এটাই যদি বাংলাদেশ, আমি জিগাই আর কত?

৬ওর তোগো জানা নাই, প্রশ্ন করুম আর কত?

টাই যদি বাংলাদেশ, আমি জিগাই আর কত?

তোগো অস্ত্রে ধার নাই, আমগো মুখে ধার যত।

**লিংক** https://www.youtube.com/watch?v=hOfdO4zAnys

**শিরোনাম : ছাত্র আন্দোলনের গান**

প্রকাশ তারিখ ১৯ জুলাই, ২০২৪

গানটি সম্পর্কে তেমন কোনো তথ্য পাওয়া যায় না। এই গানের শব্দ উচ্চারণের ধরণে মনে হয় গানটি খুব সম্ভবত AI (Artifical Intelegence) মাধ্যমে তৈরি।

*Verse 1*

তোমাদের চোখে জাগে স্বপ্নের আলো

বাংলাদেশের মাটিতে, নতুন প্রভাতের গান

সত্যের সন্ধানে তোমাদের সংগ্রাম।

*Chorus*

ত্রদের কণ্ঠে প্রতিবাদের সুর

ংলার পথে পথে জাগে ন্যায়ের নূর

ামাদের সাহসে জ্বলে নতুন দীপ

ছাত্র আন্দোলনের গান, মুক্তির শিখা।

*verse 2*

ক্ষার দাবি, সমতার রঙে

তোমাদের পথ চলা সাহসের ঢঙ্গে

অন্যায়ের বিরুদ্ধে শক্তি হাতে ধরে

ছাত্র আন্দোলন, প্রতিবাদের স্বরে।

*Chorus*

ছাত্রদের কণ্ঠে প্রতিবাদের সুর

বাংলার পথে পথে জাগে ন্যায়ের নূর

তোমাদের সাহসে জ্বলে নতুন দীপ

ছাত্র আন্দোলনের গান, মুক্তির শিখা।

*Bridge*

তোমাদের পদক্ষেপে জাগে নতুন আশা

শিক্ষার আলোতে ভরে উঠুক এই দেশ

ছাত্র আন্দোলনের গান, স্বাধীনতার ডাক।

*Chorus*

ত্রদের কণ্ঠে প্রতিবাদের সুর

ংলার পথে পথে জাগে ন্যায়ের নূর

ামাদের সাহসে জ্বলে নতুন দীপ

ছাত্র আন্দোলনের গান, মুক্তির শিখা।

*Outro*

ামাদের স্বপ্নে জাগে নতুন দিন

বাংলার মাটিতে ছড়াক শিক্ষার সুগন্ধি

ছাত্র আন্দোলনের পথ ধরে এগিয়ে চলো

সত্য ও ন্যায়ের পানে তোমাদের প্রণাম।

**লিংক** https://www.youtube.com/watch?v=YYqh7L66s_I

**শিরোনাম : ও প্রধান, তোমাকে বলছি শোনো**

কথা, সুর ও কণ্ঠ জিল্লুর রহমান সোহাগ

তারিখ ১৯ জুলাই, ২০২৪

তোমার ছুঁড়ে দেওয়া বুলেট বুকে নিয়ে

পাখিরা উড়েছিল কাল আকাশে,

মুক্তির শিহরণ জেগেছিল বাতাসে।।

ও প্রধান, তোমাকে বলছি শোনো,

ই পাখি হত্যার দায় নিয়ে

মাতে পেরেছো কি সারারাত?

কি ষড়যন্ত্র- ষড়যন্ত্রের নামে

খুঁজে নিলে দায় এড়ানোর অজুহাত?

পাখিরা তো মরে গেলো খাঁ খাঁ হল বনতল,

ন শুধু রেখে গেলো মগজের কোষে,

শয়নে স্বপনে শুনি সেই গান বারবার

প্রতিশোধ জেগে ওঠে প্রতি নি:শ্বাসে।

ও প্রধান, তোমাকে বলছি শোনো,

এতো প্রতিশোধ বুকে নিয়ে

ঘুমোতে পারি না সারারাত,

তোমাকে কি করে করি ক্ষমা?

আমার তো নেই অজুহাত।।

লিংক https://www.youtube.com/watch?v=GfJr0HCQK4Q

Social Share

Share 0 Post

Search here..